বহুল জিজ্ঞাসিত প্রশ্নাবলি (FAQ)

3-8 গ্রেডের নিউ ইয়র্ক স্টেট টেস্ট-এ শিক্ষার্থীদের অংশগ্রহণ

প্যারেন্ট গাইড

2019

প্রিয় পরিবারবর্গ:

3-8 গ্রেডের শিক্ষার্থীদের আসন্ন বার্ষিক পরীক্ষার জন্য কিছু বহুল জিজ্ঞাসিত প্রশ্নাবলির উত্তর এখানে দেয়া হল। 2015-এর ফেডারেল এভরি স্টুডেন্ট সাকসিডস অ্যাক্ট অনুযায়ী এই বার্ষিক ইংলিশ ল্যাঙ্গুয়েজ আর্টস (ELA) এবং ম্যাথ (গণিত) পরীক্ষা বাধ্যতামূলক, এবং কলেজ ও আধুনিক কর্মক্ষেত্রের জন্য প্রয়োজনীয় সমালোচনামূলক চিন্তা, সমস্যা সমাধান, এবং যুক্তিযুক্ত বিচারের দক্ষতা তারা হাই স্কুল থেকে গ্র্যাজুয়েশন করার সময় প্রস্তুত হয়ে বের হতে পারবে কিনা সে সম্পর্কে এই পরীক্ষাগুলো গুরুত্বপূর্ণ তথ্য প্রদান করে।

এই পরীক্ষাগুলো শিক্ষার্থীদের অগ্রগতি নির্ণয়ে বেশ কিছু পরিমাপকের একটিঃ গ্রেড, রিপোর্ট কার্ড, লেখার নমুনা, প্রজেক্ট, অ্যাসাইনমেন্ট, এবং অন্যান্য কর্মসম্পাদন-ভিত্তিক শিক্ষার্থীর কাজ সম পরিমান গুরুত্বপূর্ণ। যদিও স্টেট টেস্টের পরীক্ষার স্কোর পরবর্তী গ্রেডের জন্য বিবেচনা করা হয়, এগুলো মূল বিবেচ্য বিষয় নাও হতে পারে।

আপনার যদি অন্য কোন প্রশ্ন থাকে, অনুগ্রহ করে আপনার সন্তানের স্কুলে যোগাযোগ করুন।

3–8 গ্রেডের পরীক্ষাগুলো কখন নেয়া হবে?

ELA: 2-3 এপ্রিল

মেক-আপ ELA: 4–5 এপ্রিল এবং 8-9 এপ্রিল

ম্যাথ (গণিত): 1-2 মে

মেক-আপ ম্যাথ: 3 মে, এবং 6-8 মে

স্টেট টেস্টগুলো আমার সন্তানকে কিভাবে উপকার করে?

আপনি এবং আপনার সন্তান স্টেট টেস্ট থেকে লাভবান হয় কারণ তারাঃ

- আপনার সন্তান তার বর্তমান গ্রেড অনুযায়ী যতটুকু শেখা দরকার সে পরিমান শিখছে কিনা সে সম্পর্কে বিস্তারীত তথ্য প্রদান করে।
- কোন শিক্ষার্থী অথবা শিক্ষার্থী গ্রুপ অগ্রগতি করছে, কারা পিছিয়ে আছে এবং কাদের সহায়তা প্রয়োজন, কারা খুব ভাল ফলাফল করছে, এবং কোথায় শিক্ষকদের বাড়তি সহায়তা দরকার সেগুলো নির্ধারণের জন্য স্কুলগুলোকে সহায়তা করে।
- আপনার সন্তানের স্কুল অন্যান্য স্কুলের পাশাপাশি কেমন করছে সে সম্পর্কে আপনাকে তথ্য প্রদান করে।

আমি শুনেছি স্টেট টেস্ট শিক্ষার্থীদের জন্য এখন আগের চেয়ে কম কষ্টকর। এটা কি সত্যি?

হ্যাঁ! বিগত কয়েক বছর, পিতামাতা এবং শিক্ষকদের উদ্বেগ নিরসনে নিউ ইয়র্ক স্টেট এডুকেশন ডিপার্টমেন্ট 3–8 গ্রেডের টেস্টগুলোতে পরিবর্তন এনেছে। এই পরিবর্তনগুলোর মধ্যে আছে:

- সময়সীমা নেই এমন পরীক্ষা ব্যবস্থার দিকে যাচ্ছে।
- পরীক্ষায় প্রশ্নের সংখ্যা কমিয়ে আনছে।
- পরীক্ষার বিষয়বস্তু প্রস্তুতে NYC শিক্ষকদের সংশ্লিষ্ট করা হচ্ছে।

মিডল এবং হাই স্কুলে ভর্তিতে এই পরীক্ষাগুলো কিভাবে ব্যবহৃত হচ্ছে?

কিছু কিছু মিডল এবং হাই স্কুল প্রাতিষ্ঠানিকভাবে বাছাই করার প্রোগ্রাম ব্যবহার করে, যা পরীক্ষার স্কোরকে - ভর্তির অনেকগুলো মানদণ্ডের একটি হিসেবে গণ্য করে। পরীক্ষার নম্বরহীন শিক্ষার্থীরা এসব প্রোগ্রামে আবেদনের যোগ্য, এবং স্কুলগুলোকে ভর্তির সিদ্ধান্ত গ্রহণের সময় না পাওয়া পরীক্ষার নম্বরের ক্ষেত্রে কীভাবে সিদ্ধান্ত নিতে হবে, সে ব্যাপারে নীতি তৈরি করার নির্দেশনা দেওয়া হয়েছে। অনুগ্রহ করে স্কুলগুলোর নিজস্ব ভর্তি নীতি সম্পর্কে জানার জন্য সংশ্লিষ্ট স্কুলগুলোর সাথে সরাসরি যোগাযোগ করুন; কোন স্কুল থেকে তাদের ভর্তির নিয়ম সম্পর্কে জানতে সমস্যা হলে স্কুলের ফ্যামেলি লিডারশিপ কোঅর্ডিনেটরের সাথে যোগাযোগ করুন।

আমি উদ্বিগ্ন কারণ আমার সন্তানের শিক্ষক "পরীক্ষার জন্য যা প্রয়োজন শুধু তাই তাকে পড়াবে"। পরীক্ষার ফলাফল শিক্ষকদের উপর কতটা প্রভাব ফেলে?

- পরিবারের উদ্বেগের কারণে, স্টেট বর্তমানে আইন করেছে, 3-8 গ্রেডের নিউ ইয়র্ক স্টেট ELA ও ম্যাথ পরীক্ষায় শিক্ষার্থীদের ফলাফল শিক্ষক ও প্রিন্সিপ্যালদের বার্ষিক পেশাদারিত্বের কার্যসম্পাদনার মান যাচাইয়ে অন্তর্ভুক্ত হবে না।
- স্কুলের পাঠ্যসূচি গ্রেডের স্তর অনুযায়ী একজন শিক্ষার্থীর কতটুকু জানা উচিৎ এবং কতটুকু সে শিখেছে তা প্রদর্শনের উপর ভিত্তি করে প্রস্তুত করা হয়।

পিতামাতা কি পারেন সন্তানদেরকে স্টেট টেস্ট না দেওয়াতে বা সন্তানদের জন্য অন্য কোন বিকল্প মূল্যায়ন বেছে নিতে?

- পিতামাতাদের সম্মতি নিতে হয় এমন কিছু ব্যতিক্রম, যেমন প্রতিবন্ধি শিক্ষার্থী এবং ফেডারেল-অর্থায়িত জরিপ ও বিশ্লেষণ, যা সংশোধিত ফেডারেল শিক্ষার্থী অধিকার সুরক্ষা আইনের অধীনে পরিচালিত কমিটি অন স্পেশাল এডুকেশনের মূল্যায়ন ছাড়া এমন কোন স্টেটের আইন বা প্রবিধান নেই, যার দ্বারা পিতামাতাদেরকে সন্তানদের স্টেট টেস্ট থেকে প্রত্যাহারের বা একটি বিকল্প মূল্যায়নের অনুরোধ জানাবার অনুমোদন দেয়। আপনি যদি আপনার সন্তানকে স্টেটের পরীক্ষা দেওয়া থেকে বিরত রাখতে চান, তাহলে তার প্রিন্সিপ্যালের সাথে কথা উচিত।
- যদি, প্রিন্সিপ্যালের সাথে আলাপ করার পরও কোনো পিতামাতা তার সন্তানকে স্টেট টেস্ট দেয়া থেকে বিরত রাখতে চান, তবে প্রিন্সিপ্যাল সেই পিতামাতার সিদ্ধান্তকে সম্মানের সাথে মেনে নেবে। পিতামাতা ও প্রিন্সিপ্যালকে এ আলোচনার লিখিত নথি সংরক্ষণ করা উচিত।

টেস্টের প্রস্তুতির জন্য একজন শিক্ষার্থীর কী করা উচিত?

- পরীক্ষার আগের রাতে আপনার সন্তানের যাতে ভালো ঘুম হয় এবং সকালে ভাল ব্রেকফাস্ট করে যায় সে ব্যাপারে তাকে সহায়তা করুন।
- আপনার সন্তানকে বলুন যে তার সামর্থ্যর উপর আপনার আস্থা আছে।

আমি কখন আমার সন্তান পরীক্ষায় কেমন করেছে তা জানতে পারব?

- নিউ ইয়র্ক স্টেট সাধারণত পরীক্ষার ফলাফল গ্রীষ্মে প্রদান করে এবং ফলাফল আপনার সন্তানের NYC Schools Account (NYC স্কুলস্ অ্যাকাউন্ট) -এ পাওয়া যাবে।
- স্টেট শিক্ষার্থীর একক রিপোর্ট প্রদান করে যাতে শিক্ষার্থীর কার্যসম্পাদনা সম্পর্কে বিস্তারিত তথ্য থাকে।
- স্টেট টেস্টের স্কোর বা সার্বিক প্রাতিষ্ঠানিক অগ্রগতি নিয়ে কথা বলার জন্য আপনার সন্তানদের শিক্ষকের বা প্রিন্সিপ্যালের সাথে যোগাযোগ করতে আমরা উৎসাহ দিচ্ছি।

যদি আমার সন্তান স্টেটের পরীক্ষা না দেয়, তাহলে কি হবে?

আপনার সন্তানের এই পরীক্ষাটি দেয়া গুরুত্বপূর্ণ। আপনার সন্তানকে সহায়তা প্রদানে আপনার যা করা দরকার অনুগ্রহ করে করুন এবং পরীক্ষার দিন তারা যাতে স্কুলে উপস্থিত থাকে সেবিষয়টি নিশ্চিত করুন। পরীক্ষার দিন যেসব শিক্ষার্থী অনুপস্থিত থাকবে, তারা মেক-আপ (বিকল্প তারিখে) পরীক্ষা দেবার জন্য দ্বিতীয় সুযোগ পাবে। যদি আপনার সন্তান মেক-আপ পরীক্ষার সময়েও অনুপস্থিত থাকে, তাহলে শিক্ষার্থী পরীক্ষা দেয়ার বাড়তি আর কোন সুযোগ পাবে না। শুধুমাত্র স্টেট টেস্ট না দেওয়ার কারণে শিক্ষার্থীকে শাস্তি দেওয়া বা একই গ্রেডে রেখে দেওয়া হবে না।